গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬
www.dpe.gov.bd

স্মারক : ৩৮.০১.০০০০.১৯৩.১৪.০১১(২).২০২১- ৬৪৯৭

তারিখ: ২২ অগ্রহায়ণ ১৪৩১
০৭ ডিসেম্বর ২০২৪

বিষয়: **উপবৃত্তি বিতরণ কার্যক্রম বাস্তবায়ন নির্দেশিকা ও অপারেশনাল ম্যানুয়াল অনুসরণপূর্বক প্রাপ্যতাযোগ্য সুবিধাভোগী শিক্ষার্থীর অনুকূলে উপবৃত্তি বিতরণ নিশ্চিতকরণ সংক্রান্ত।**

সূত্র : ১) প্রাথমিক শিক্ষা উপবৃত্তি কার্যক্রম বাস্তবায়ন নির্দেশিকা, ২০২১ (সংশোধিত)।
২) প্রাথমিক শিক্ষা উপবৃত্তি কার্যক্রম বাস্তবায়ন অপারেশনাল ম্যানুয়াল, ২০২১ (সংশোধিত)।
৩) গত ০২/১২/২০২৪খ্রি. তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত।
৪) প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এবং প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের নভেম্বর/২০২৪ মাসের সমন্বয় সভার আলোচনা।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে সূত্রোক্ত ১ ও ২ নং স্মারক মোতবেক **সরকারি প্রাথমিক বিদ্যালয়, পিটিআই সংলগ্ন পরীক্ষণ বিদ্যালয় এবং শিশু কল্যাণ ট্রাস্ট পরিচালিত প্রাথমিক বিদ্যালয়ে** অধ্যয়নরত শিক্ষার্থীদের প্রাথমিক শিক্ষা উপবৃত্তির আওতাভূক্ত করা হয়েছে। উপবৃত্তি প্রাপ্তির ক্ষেত্রে শিক্ষার্থীর **ন্যূনতম বয়স ৪ বছর ও শ্রেণি কার্যক্রমের পাঠ দিবসের ৮৫% উপস্থিতি এবং ৪র্থ-৮ম শ্রেণি শিক্ষার্থীদের ক্ষেত্রে বার্ষিক পরীক্ষায় ৪০% নম্বর (বিশেষ চাহিদা সম্পন্ন শিক্ষার্থীর ক্ষেত্রে ৩৩% নম্বর)** প্রাপ্তির শর্ত প্রযোজ্য। উপবৃত্তির অর্থ বিতরণের জন্য PESP MIS Software-এ প্রধান শিক্ষকগণ জন্ম-মৃত্যু নিবন্ধন সার্ভার এবং এনআইডি সার্ভারের মাধ্যমে শিক্ষার্থী ও অভিভাবকের তথ্য ভেলিডেশনপূর্বক ডাটা এন্ট্রি ও চাহিদা এন্ট্রি করে থাকেন এবং এইউইও/এটিইও কর্তৃক উক্ত ডাটা ও চাহিদা যাচাই-বাছাই ও ইউইও/টিইও কর্তৃক অনুমোদন করা হয়ে থাকে। অনুমোদিত ডাটা ও চাহিদার উপর ভিত্তি করে অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের BACS & iBAS++ স্কিম কর্তৃক পে-রোল প্রস্তুতপূর্বক উপবৃত্তি বিতরণ করা হয়ে থাকে।

০২। অনেক বিদ্যালয়ে ভর্তিকৃত ও অধ্যয়নরত শিক্ষার্থীদের উপস্থিতির শর্ত (অর্থাৎ- প্রতি মাসে শ্রেণি কার্যক্রমের ৮৫% উপস্থিতি) পূরণ না করা সত্ত্বেও উপবৃত্তি প্রদান করা হয় মর্মে- অভিযোগ পাওয়া যায়। তাছাড়া কিছু কিছু সরকারি প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষার্থী ভর্তি হলেও সংশ্লিষ্ট বিদ্যালয়ে না এসে পার্শ্ববর্তী কিন্ডার গার্টেন কিংবা মাদ্রাসায় পড়ালেখা করে এবং এ সকল শিক্ষার্থীদেরকেও উপবৃত্তি প্রাপ্তির শর্ত না মেনে উপবৃত্তির আওতাভুক্ত করার অভিযোগ পাওয়া যায়। এ বিষয়ে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এবং প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের গত নভেম্বর/২০২৪ মাসের সমন্বয় সভায় আলোচনা হয়েছে। বর্ণিতাবস্থায় উপবৃত্তি বিতরণের ক্ষেত্রে নির্দেশিকা ও অপারেশনাল ম্যানুয়াল এর নির্দেশনা ও শর্তসমূহ কঠোরভাবে অনুসরণ করতে বলা হলো। এক্ষেত্রে কোন ধরনের ব্যত্যয় ঘটলে সংশ্লিষ্টজন ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন এবং তাঁর বিরুদ্ধে বিভাগীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৩। এমতাবস্থায়, সরকারের রাজস্ব খাতের আওতায় বরাদ্দকৃত উপবৃত্তির অর্থ ব্যয়ের ক্ষেত্রে মাঠ পর্যায়সহ সংশ্লিষ্ট সকল স্তরের শিক্ষক-কর্মকর্তাগণকে আরো সতর্কতার সাথে উপবৃত্তি কার্যক্রম পরিচালনার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

০৭/১২/২০২৪
ড. নাহিমা বেগম
পরিচালক (উপবৃত্তি)
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
dirpesd.dpe@gmail.com

উপজেলা/থানা শিক্ষা অফিসার (সকল)
............... উপজেলা/থানা
.......... জেলা।

স্মারক : ৩৮.০১.০০০০.১৯৩.১৪.০১১(২).২০২১-

তারিখ: ২২ অগ্রহায়ণ ১৪৩১
০৭ ডিসেম্বর ২০২৪

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলোঃ-**

১. অতিরিক্ত সচিব (বাজেট ও অডিট), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
২. পরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা-১২১৬।
৩. পরিচালক, শিশু কল্যাণ ট্রাস্ট (এসকেটি), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা-১২১৬।
৪. সচিবের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৫. বিভাগীয় উপপরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা, ....... বিভাগ (উপবৃত্তি কার্যক্রমকে অগ্রাধিকার প্রদানপূর্বক পত্রের মর্ম মোতাবেক যথাযথ তদারকি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।

৬. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল), ......... জেলা (উপবৃত্তি কার্যক্রমকে অগ্রাধিকার প্রদানপূর্বক পত্রের মর্ম মোতাবেক যথাযথ তদারকি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।

৭. পিএস টু ডিজি, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা-১২১৬ (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৮. সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসার (সকল), ...... উপজেলা/থানা, ...... জেলা।

৯. পিএ টু এডিজি, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা-১২১৬ (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১০. প্রধান শিক্ষক (সকল), ....... সরকারি প্রাথমিক বিদ্যালয়, ...... উপজেলা/থানা, ....... জেলা।

১১. অফিস নথি।

পরিচালক (উপবৃত্তি)
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর